

**৫টি ভার্সিটি ও কলেজের
মৎস্যবিজ্ঞান বিভাগের ছাত্র ও
শিক্ষকদের মিছিলে লাঠিচার্জ**
বিশ্ববিদ্যালয় রিপোর্টার : দেশের পাঁচটি বিশ্ববিদ্যালয় ও কলেজের মৎস্যবিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রী ও শিক্ষকদের মিছিল পুলিশ লাঠিচার্জ করে ছত্রভঙ্গ করে দিচ্ছে। গতকাল (মঙ্গলবার) বিকেল সাড়ে ৩টায় এ ঘটনা ঘটে। পুলিশের লাঠিচার্জে কমপক্ষে ৭/৮ জন আহত হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। পরে প্রেসক্রাবে নির্ধারিত এক সাংবাদিক সম্মেলনে মিছিল পুলিশী ৭-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

মিছিলে লাঠিচার্জ ৮-এর পৃষ্ঠার পর
হামলার নিশ্চয় জানিয়ে বিসিএস মৎস্য ক্যাডার নিয়োগ বিধির বসড়া প্রস্তাবের প্রতিবাদ এবং ১৯৮১ সালের নিয়োগবিধি বহাল রাখার দাবী জানানো হয়। প্রত্যক্ষদর্শীরা জানায়, বিসিএস মৎস্য ক্যাডার সার্ভিস নিয়োগ বিধির প্রস্তাবিত বসড়া প্রস্তাব বাতিল করে মৎস্য গ্যাজেটদেরকে ক্যাডার পদে নিয়োগের জন্য ১৯৮১ সালের নিয়োগবিধি বহাল রাখার দাবীতে দু'শতাধিক ছাত্রছাত্রী ও শিক্ষকের মিছিলটি বিকেল সাড়ে ৩টায় মৎস্য ভবন থেকে শুরু হয়। মিছিলটি প্রেসক্রাবের দিকে আসতে চাইলে পুলিশ বাধা দেয় এবং একপর্যায়ে মৃদু লাঠিচার্জ করে মিছিলটি ছত্রভঙ্গ করে দেয়। পরে ছাত্ররা পুনরায় একত্রিত হয়ে মৎস্য ভবনের সামনে সমাবেশ করে। সমাবেশ থেকে পুলিশী হামলার নিশ্চয় জানানো হয়। পুলিশ জানায়, ছাত্ররা প্রেসক্রাবের সামনে মানববন্ধন করতে চেয়েছিল। যেহেতু উদ্ভাটন কর্তৃপক্ষের অনুমতি ছাড়া প্রেসক্রাবের সামনে সভা-সমাবেশ করা নিষিদ্ধ তাই মিছিলটি ছত্রভঙ্গ করে দেয়া হয়েছে। তবে লাঠিচার্জের কথা পুলিশ অস্বীকার করে। মিছিলে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, গুলনা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, এবং জামালপুরের বিএফএম ফিশারিজ কলেজের মৎস্যবিজ্ঞান অনুষদের ছাত্র ও শিক্ষকরা অংশ নেয়। ছাত্ররা অভিযোগ করে পুলিশের লাঠিচার্জে কমপক্ষে ৭/৮ জন আহত হয়েছে। পরে প্রেসক্রাবে আয়োজিত পূর্বনির্ধারিত সাংবাদিক সম্মেলনে ১৯৮১ সালের বিসিএস মৎস্য ক্যাডার নিয়োগবিধি বহাল রাখার ব্যাপারে প্রধানমন্ত্রীর যথাযথ হস্তক্ষেপ কামনা করে দুর্নীতির মাধ্যমে মৎস্য ক্যাডার সার্ভিস নিয়োগ বিধিমালা নিজেদের স্বার্থে অন্যায়ভাবে পরিবর্তনের সাথে জড়িতদের শাস্তি দাবী করা হয়।